অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

তারা যা বলছেন: নির্বাচিত এবং কমিউনিটির নেতারা ট্রানজিটকে তহবিল দেওয়ার এবং যাত্রীদের প্রথমে রাখার ব্যাপারে গভর্নর HOCHUL-এর (হোকল) পরিকল্পনাকে সমর্থন করলেন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) গতকাল ঘোষণা করেছেন যে জানুয়ারির শুরুর দিকেই নিউ ইয়র্ক সিটি (New York City, NYC) থেকে যানজটের জন্য দাম নেওয়ার বিরতি তুলে নেওয়া হবে। যানজটের জন্য দাম নেওয়ার প্রোগ্রামটির বাস্তবায়ন হলো পুরো নিউ ইয়র্ক সিটিতে যানজট এবং বায়ু দূষণ কমানোর জন্য গভর্নরের অঙ্গীকারের একটি প্রমাণ। মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) 2025-29 সালের ক্যাপিটাল পরিকল্পনা 68.4 বিলিয়ন মার্কিন ডলার খরচ করবে, এর মধ্যে আছে NYC Transit, Staten Island Railway এবং MTA Bus Company-এর জন্য 47.8 বিলিয়ন মার্কিন ডলার, Metro-North Railroad এবং Long Island Rail Road প্রত্যেকের জন্য 6 বিলিয়ন মার্কিন ডলার, প্রধান প্রধান প্রোজেক্ট ও এক্সপ্যানশনের জন্য 5.3 বিলিয়ন মার্কিন ডলার, এবং MTA Bridges and Tunnels-র এর জন্য 3 বিলিয়ন মার্কিন ডলার, যা নিউ ইয়র্কের ইতিহাসে প্রস্তাবিত সবথেকে বড় MTA ক্যাপিটাল পরিকল্পনা, এর মূল উদ্দেশ্য নিউ ইয়র্ক বাসীদের জন্য ইনফ্রাস্ট্রাকচারের এবং সিটির ট্রানজিট সিস্টেমের উন্নতি করা।

রিপ্রেজেন্টেটিভ Adriano Espaillat (অ্যাড্রিয়ানো এস্পিয়াত) বলেন, "আমাদের ট্রানজিট ইনফ্রাস্ট্রাকচার ও অর্থনীতিকে ধরে রাখার জন্য একটি নিশ্চিত রেভিনিউয়ের উৎস আবশ্যক। এর মধ্যে রয়েছে Second Avenue Subway-এর ফেজ 2-এর জন্য সমর্থন, যা ইস্ট হার্লেমের (East Harlem) মতো ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত এলাকাগুলিতে অতি প্রয়োজনীয় ট্রানজিট অ্যাক্সেস নিয়ে আসবে। এছাড়াও পুরো সিটি এবং আমার জেলা, বিশেষ করে সেন্ট্রাল (Central Harlem) এবং ওয়েস্ট হার্লেম (West Harlem) ও কিংসব্রিজে (Kingsbridge) Americans with Disabilities Act (ADA) অ্যাক্সেসিবিলিটি নিশ্চিত করার মাধ্যমে এটি আরো ইনক্লুসিভ একটি সিস্টেমকে সমর্থন করে। পাশাপাশি, ব্রঙ্কসের (Bronx) অ্যাজমা সেন্টার এবং ইলেকট্রিক ট্রাক চার্জ করার ইনফ্রাস্ট্রাকচারের মতো স্বাস্থ্য ও পরিবেশের উন্নয়নের জন্য বিনিয়োগ করা হলে তা সরাসরি রেড-লাইন কমিউনিটিগুলির দীর্ঘদিনের সমস্যা সমাধান করবে। এইসব রূপান্তরমূলক উন্নয়নকে বাস্তব করতে গভর্নর Hochul (হোকল) এবং স্থানীয় নেতাদের সাথে একসাথে কাজ করাই আমার ইচ্ছা।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার Adrienne Adams (এড্রিয়েন অ্যাডামস) বলেন, "নিউ ইয়র্কের গণপরিবহন ব্যবস্থা হলো আমাদের সিটির প্রাণশক্তি, এবং বহু মিলিয়ন যাত্রী তাদের মৌলিক কর্তব্য পালন এবং সুযোগের সন্ধানে এর উপর নির্ভর করে," বলেন নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের স্পিকার Adrienne Adams (এড্রিয়েন অ্যাডামস)। "নিউ ইয়র্কবাসীর জন্য অ্যাফোরডিবিলিটিই আমাদের সিদ্ধান্তগুলিকে পথ দেখাবে এবং এটিই আমাদের সকলের অগ্রাধিকার হবে। এই রিভাইস করা যানজটের পরিকল্পনার বাস্তবায়ন অগ্রসর করার সময় আমাদের পরিবহন ইনফ্রাস্ট্রাকচারের স্বল্প ও দীর্ঘমেয়াদের স্বাস্থ্যে বিনিয়োগ করা হবে আমাদের সিটি এবং এর কমিউনিটিগুলির কল্যাণের জন্য গুরুত্বপূর্ণ। আউটার-বরোর এলাকাগুলি এবং পরিবেশ সম্পর্কিত জাস্টিস কমিউনিটিগুলির ট্রানজিট মরুভূমির বাসিন্দাদের জন্য ঐতিহাসিকভাবে এর অভাব ছিলো, যার জন্য বৈষম্যমূলক পরিণতি দেখা গেছে। দীর্ঘদিনের এইসব অসমতার সমাধান এবং আমাদের সিটির নিউ ইয়র্কবাসীদের পরিবহন চাহিদা পূরণ করার ব্যাপারে সরকারের সকল পর্যায়কে মনোযোগ দিতে থাকতে হবে। এই পরিকল্পনাটি অগ্রসর হওয়ার সময় সকল স্টেকহোল্ডারের জন্য আমাদের সিটিকে আরো অ্যাফোর্ডেবল এবং অ্যাক্সেসিবল করতে মনোযোগ দেওয়া গুরুত্বপূর্ণ যাতে করে নিউ ইয়র্কবাসীরা জীবনযাপনের আবশ্যিকতা এবং দায়দায়িত্ব যথেষ্টভাবে পূরণ করতে পারে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য Gale Brewer (গেইল ব্রিউয়ার) বলেন, "ফেডারেল, স্টেট এবং স্থানীয় সরকার অনেক, অনেক দিন, অনেক দশক ধরে ট্রানজিটের জন্য প্রয়োজনের কম তহবিল দিয়েছে! এবং এর ফলে আমরা সবাই অনিয়মিত ট্রেন সেবা, ব্যাপক গ্রিডলক, এবং বাতাসের খারাপ মানের সাথে অভ্যস্ত হয়ে গেছি।" "এই ব্যাপারটি নিয়ে যে বিতর্ক রয়েছে তা আমি বুঝি, কিন্তু আমাদেরকে এটিও বুঝতে হবে যে আমাদের শতাব্দী পুরোনো ট্রানজিট ইনফ্রাস্ট্রাকচারের ব্যাপক উন্নয়নের জন্য MTA-এর অর্থায়ন প্রয়োজন। যানজটের জন্য দাম দেওয়া অবশ্যই একটি নতুন কিছু যা মেনে নিতে হবে, কিন্তু এর ফল পাওয়া যাবে। এটিকে অগ্রসর করার জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল)।"

হোয়াইট প্লেইনসের (White Plains) মেয়র Tom Roach (টম রোচ) বলেন, "লোয়ার ম্যানহাটনের (Manhattan) বর্তমানের ট্র্যাফিক পরিস্থিতির কারণে বাতাসের মান খারাপ হয়েছে, পথচারীদের জন্য অবস্থা অনিরাপদ হয়েছে, এবং পণ্য ও জরুরি সেবার ডেলিভারি বাধা পাচ্ছে। যানজটের জন্য দাম নেওয়ার ব্যাপারে এগিয়ে যাওয়ার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সিদ্ধান্ত প্রভাবিত এলাকার জীবনযাপনের মানে উল্লেখযোগ্য ভালো প্রভাব ফেলবে এবং এটি গণপরিবহনের জন্য প্রয়োজনীয় তহবিল দিবে, যা মানুষের চলাচলের জন্য সবথেকে কার্যকর মাধ্যম। আমাদের ট্রানজিট ব্যবস্থাটি হলো ধুলোয় রত্ন পাওয়ার মতো, এটি আমাদের অঞ্চলের অর্থনীতিতে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ক্যাপিটাল উন্নয়ন আরো অনেক আগেই হওয়া উচিত ছিলো। ট্রানজিটের যাত্রীদের আরো ভালো অভিজ্ঞতা পাওয়া উচিত, কারণ তাদের জন্যই ম্যানহাটনে যাদের গাড়ি চালানোর দরকার তারা তা করতে পারে।"

নিউ রোশেলের (New Rochelle) মেয়র Yadira Ramos-Herbert (ইয়াদিরা রামোস-হার্বার্ট) বলেন, "নিউ রোশেলের মেয়র হিসেবে গভর্নর Hochul-এর (হোকল) যানজটের জন্য দাম নেওয়ার পরিকল্পনাকে আমি সম্পূর্ণ সমর্থন করছি। এই উদ্যোগটি একটি অগ্রগামী চিন্তার সমাধান যা ট্র্যাফিক কমাবে, বাতাসের মান উন্নত করবে, এবং গণপরিবহন উন্নত করার জন্য

গুরুত্বপূর্ণ তহবিল দিবে, যা শুধু নিউ ইয়র্ক সিটি নয় বরং আমাদের পুরো অঞ্চলের কাজে লাগবে। এটি সাস্টেনেবিলিটি, অর্থনৈতিক বিকাশ, এবং আমাদের সকলের ভবিষ্যতের জন্য একটি বিজয়।"

কিংস্টোনের (Kingston) মেয়র Steve Noble (স্টিভ নোবল) বলেন, "নিউ ইয়র্ক সিটিতে যানজটের জন্য মূল্য নেওয়ার এই অগ্রগামী চিন্তার ধারণাকে আবার নিয়ে আসার জন্য গভর্নর Hochul-কে (হোকল) আমি ধন্যবাদ জানাতে চাই। এই পলিসিটি অন্য সিটির জন্য এটি আদর্শ হবে, আমাদের সবথেকে বড় সিটি কীভাবে ট্র্যাফিক এবং যানজটের দীর্ঘস্থায়ী সমস্যার সামাল দিচ্ছে সেই ব্যাপারে এটি বিবর্তন নিয়ে আসবে, এবং একই সাথে গণপরিবহন প্রোজেক্টগুলির জন্য অতি প্রয়োজনীয় তহবিল পাওয়ার গ্যারান্টি দিবে। ম্যানহাটন পর্যন্ত অনেক বাস যাত্রীসহ একটি ছোট সিটি হিসেবে এই উদ্যোগটি এবং এটি যে উত্তম নিরাপত্তা ও পরিবেশের লাভ নিয়ে আসবে তার আমি সমর্থন করছি। যানজটের জন্য দাম নেওয়া হবে একটি ঐতিহাসিক অর্জন যা সামনের অনেক প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের লাভবান করবে।"

আলস্টার (Ulster) কাউন্টির এক্সিকিউটিভ Jen Metzger (জেন মেটজগার) বলেন, "আমি যখন স্টেটের সিনেটে (State Senate) কাজ করেছি তখন আমি যানজটের জন্য দাম নেওয়াকে সমর্থন করেছি, এবং এই পলিসিকে অগ্রসর হতে দেখে আমি অনেক খুশি। যানজটের জন্য দাম নেওয়া হলে তা অর্থপূর্ণভাবে জলবায়ুর ক্ষতি করা নির্গমনকে কমাবে এবং স্থানীয় বাতাসের মান এবং জনস্বাস্থ্যকে উন্নত করবে এবং একই সাথে গণপরিবহনে এমন বিনিয়োগ করবে যা শুধু আমাদের সিটির বাসিন্দা নয় বরং আমাদের সকলের জন্য লাভজনক হবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন